

📃 আস-সাফফাত | As-Saffat | الصيَّافَّات

আয়াতঃ ৩৭:২১

আরবি মূল আয়াত:

هٰذَا يَومُ الفَصلِ الَّذِي كُنتُم بِهِ تُكَذِّبُونَ ﴿٢٦﴾

🗚 অনুবাদসমূহ:

এটি ফয়সালা করার দিন যা তোমরা অস্বীকার করতে। — আল-বায়ান

এটাই ফয়সালার দিন যাকে তোমরা মিথ্যে বলে অস্বীকার করতে। — তাইসিরুল

এটাই ফাইসালার দিন যা তোমরা অস্বীকার করতে। — মুজিবুর রহমান

[They will be told], "This is the Day of Judgement which you used to deny." - Sahih International

২১. এটাই ফয়সালার দিন, যার প্রতি তোমরা মিথ্যা আরোপ করতে।

তাফসীরে জাকারিয়া

(২১) (ওদের বলা হবে,) 'এটিই সেই ফায়সালার দিন, যা তোমরা মিথ্যা মনে করতে।' [1]

[1] ويل শব্দটি ধ্বংসের সময় বলা হয়। অর্থাৎ শাস্তি প্রত্যক্ষ করার পর তাদের নিজেদের ধ্বংস পরিষ্কার দেখতে পাবে। এ কথার উদ্দেশ্য হল, তাদের লাঞ্ছনার প্রকাশ এবং নিজেদের ত্রুটি ও অবহেলার স্বীকারোক্তি। কিন্তু সেই সময় লাঞ্ছনা প্রকাশ ও দোষ-স্বীকার করায় কোন লাভ হবে না। যার ফলে তাদের উত্তরে ফিরিশতা ও মু'মিনগণ বলবেন, এটা সেই ফায়সালার দিন যাকে তোমরা অস্বীকার করতে। এটাও হতে পারে যে, তারা আপোসে এই কথা একে অপরকে বলবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3809

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন